

বাংলাদেশ

## জুলাই আন্দোলনে হামলায় জড়িত অভিযোগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৯ শিক্ষক বরখাস্ত

প্রতিনিধি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

আপডেট: ১৮ মার্চ ২০২৫, ০৪: ২০



বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে নেওয়া

বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ ও পুলিশি হামলায় সংশ্লিষ্টতার অভিযোগে ৯ জন শিক্ষককে বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতিনির্ধারণী পর্ষদ সিন্ডিকেট। সংশ্লিষ্টরা জানিয়েছেন, প্রাথমিক তদন্তে আরও ১০ জন শিক্ষকের বিরুদ্ধে হামলায় জড়িত থাকার অভিযোগ পাওয়া গেছে। তাঁদের সম্পর্কে আরও বিস্তারিত তথ্য-প্রমাণ সংগ্রহ করতে অনুমদভিত্তিক ছয়টি স্বীকৃতি কমিটি করা হয়েছে।

সোমবার দিবাগত রাত একটার দিকে বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত সিভিকেট সভা শেষে সহ-উপাচার্য (প্রশাসন) ও সিভিকেট সদস্য অধ্যাপক সোহেল আহমেদ এসব তথ্য জানান।

সাময়িক বরখাস্ত হওয়া শিক্ষকদের মধ্যে সাবেক প্রক্টর অধ্যাপক আলমগীর কবির, সহযোগী অধ্যাপক ফিরোজ-উল-হাসান, সমাজবিজ্ঞান অনুষদের সাবেক ডিন অধ্যাপক বশির আহমেদ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সাবেক প্রাধ্যক্ষ অধ্যাপক ইস্রাফিল আহমেদের নাম নিশ্চিত হওয়া গেছে।

সাবেক উপাচার্য অধ্যাপক মো. নূরুল আলম অবসরে চলে যাওয়ায় তাঁর পেনশন সুবিধা বাতিলের সিদ্ধান্ত হয়েছে। অবসরে যাওয়ায় সাবেক রেজিস্ট্রার আবু হাসানের পেনশন সুবিধাও বাতিলের সিদ্ধান্ত হয়েছে।

এদিকে শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ে শেখ পরিবারের কয়েকজন সদস্যের নামে থাকা স্থাপনার নাম বাতিলের সিদ্ধান্ত হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, শেখ রাসেল হল এবং শেখ হাসিনা হলের নাম পরিবর্তন করা হবে বলে জানা গেছে।

